# বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস
## (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত)
## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ভিআইবি/নিবি-০১/২০২১ তারিখ: ০৭ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস-এ নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদ ও বিভাগ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | অধ্যক্ষ: ১টি স্থায়ী পদ | আবেদনকারীর জীববিজ্ঞান/কৃষিবিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। অধ্যক্ষ/উপাধ্যক্ষ হিসেবে কলেজ/সমমান শিক্ষা প্রতিষ্ঠানে সামগ্রিক শিক্ষা ও প্রশাসনিক কর্মকান্ড পরিচালনায় অভিজ্ঞতা ও দক্ষতা এবং পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধীকার দেয়া হবে। |
| ০২ | সহকারী অধ্যাপক: ৪টি স্থায়ী পদ কৃষি বিভাগ (০১টি), ফিশারিজ বিভাগ (০১টি), মাইক্রোবায়োলজি বিভাগ (০১টি), ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগ (০১টি) | সহকারী অধ্যাপক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় যেকোন একটিতে ১ম বিভাগ এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ স্কেলে নূন্যতম ৪.০০ থাকতে হবে। আবেদনকারীর সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সনাতন পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় যে কোন একটিতে প্রথম শ্রেণী এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে ৪.০০ স্কেলে কমপক্ষে জিপিএ/সিজিপিএ ৩.৫০ থাকতে হবে। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের শিক্ষগতা/গবেষণা অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে Peer- Review জার্নালে কমপক্ষে ২ (দুই) টি প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে এবং পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধীকার দেয়া হবে। |
| ০৩ | প্রভাষক: ৮টি স্থায়ী পদ কৃষি বিভাগ (০২টি), ফিশারিজ বিভাগ (০২টি), মাইক্রোবায়োলজি বিভাগ (০২টি), ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগ (০২টি) | প্রভাষক পদের জন্য প্রার্থীর সনাতন পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় যে কোন একটিতে প্রথম বিভাগ এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ স্কেলে নূন্যতম ৪.০০ থাকতে হবে। আবেদনকারীর সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সনাতন পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় যে কোন একটিতে প্রথম শ্রেণী এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে ৪.০০ স্কেলে কমপক্ষে জিপিএ/সিজিপিএ ৩.৫০ থাকতে হবে। |
| ০৪ | প্রশাসনিক কর্মকর্তা: ০১টি স্থায়ী পদ | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০ থাকতে হবে। |
| ০৫ | হিসাবরক্ষক: ০১টি স্থায়ী পদ | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫ থাকতে হবে। |
| ০৬ | গ্রন্থাগারিক: ০১টি স্থায়ী পদ | প্রার্থীকে স্নাতক পাশসহ লাইব্রেরী সায়েন্স-এ ডিগ্রী/ডিপ্লোমা ডিগ্রী থাকতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৭ | সেকশন অফিসার: | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বোর্ড হতে যেকোন বিষয়ে স্নাতক (সম্মান)/ডিগ্রী |

| | | |
|---|---|---|
| | ০১ টি স্থায়ী পদ | পাশ হতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫ থাকতে হবে। |
| ০৮ | ল্যাব প্রদর্শক:<br>০১ টি স্থায়ী পদ | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বোর্ড হতে জীব/কৃষি/রসায়ন বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান)/বিএস-সি ডিগ্রী থাকতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০ থাকতে হবে। |
| ০৯ | ফার্ম ম্যানেজার<br>০১ টি স্থায়ী পদ | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বোর্ড হতে জীব/কৃষি বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান)/ডিগ্রী পাশ হতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫ থাকতে হবে। |
| ১০ | ল্যাব টেকনিশিয়ান:<br>০২ টি স্থায়ী পদ | প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এইচএসসি (বিজ্ঞান)/সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী থাকতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/ সিজিপিএ ৩.০ থাকতে হবে। |
| ১১ | কম্পিউটার টেকনিশিয়ান:<br>০১ টি স্থায়ী পদ | প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী থাকতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/ সিজিপিএ ২.৫ থাকতে হবে। |
| ১২ | পিয়ন/অফিস সহায়ক:<br>০২ টি স্থায়ী পদ | প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৩ | নিরাপত্তাকর্মী:<br>০১ টি স্থায়ী পদ | প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণি/জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৪ | আয়া/পরিচারক:<br>০১ টি স্থায়ী পদ | প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণি/জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |

**শর্তাবলী:**

(ক) আবেদনকারীকে বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস-এর নির্ধারিত আবেদন ফরম Website: www.vib.edu.bd থেকে ডাউনলোড করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ ক্র.নং ১-৩ পদের জন্য ০৫ (পাঁচ) সেট এবং ক্র.নং ৪-১৪ পদের জন্য ০৩ (তিন) সেট **চেয়ারম্যান, বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস, একডালা (বনলতা ফিলিং ষ্টেশন সংলগ্ন), নাটোর-৬৪০০** বরাবর জমা দিতে হবে। আবেদন জমাদানের শেষ তারিখ: ১৯/০৫/২০২১ ইং।

**(খ)** প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র-এর ফটোকপি, (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি, (৩) জন্ম সনদপত্র/জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

(গ) দরখাস্তের সাথে "চেয়ারম্যান, বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস", হিসাব নং ৪৬২৭৬০২০০০০১৮, সোনালী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা, রাজশাহী-এর অনুকূলে রাষ্ট্রায়ত্ত ব্যাংকের যে কোন শাখা থেকে ক্র.নং ১-৩ পদের জন্য ৭৫০/- টাকা, ক্র.নং ৪-৯ পদের জন্য ৫০০/- টাকা, ক্র.নং ১০-১৪ পদের জন্য ৩৫০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।

(ঘ) প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম ও বিভাগ খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(ঙ) ইনস্টিটিউট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। ইনস্টিটিউট কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

**বি:দ্র:** সকল পদের বেতন আলোচনা সাপেক্ষে।

**চেয়ারম্যান**
বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস
(রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত)